দর্শনা থেকে দামুড়হুদা উপজেলা চেয়ারম্যানের পি এস আটক

চুয়াডাঙ্গার দর্শনা ধানসিড়ি হোটেল থেকে দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলী মুনসুর বাবুর ব্যাক্তি গত সহকারি মোহাম্মদ আলী কে আটক করেছে মেহেরপুরের ডিবি পুলিশ।

গতকাল সোমবার রাত সাড়ে ৮ টার দিকে তএক আটক করা হয়। দর্শনা পুলিশ তদন্ত কেন্দ্রের ওসি শেখ মাহবুবুৃর রহমান আটকের বিষয় টি নিশ্চিত করেছেন।

তবে মেহেরপুর ডিবির ওসি রবিউল ইসলাম জানান দর্শনায় এ সংক্রান্ত কোন টিম পাঠানো হয়নি।

দর্শনা প্রতিনিধি

কার্পাসডাঙ্গা দোকান মালিক সমিতির নির্বাচিতদের শপথ গ্রহন ও ক্ষমতা হস্তান্তর

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা বাজার দোকান মালিক সমিতির নব নির্বাচিত কমিটির নেতৃবৃন্দের শপথ গ্রহন ও ক্ষমতা হস্তান্তর গতকাল রোববার দোকান মালিক সমিতির অস্থায়ী কার্যালয়ে অনুষ্ঠিত হয়।
এ সময় উপস্থিত ছিলেন বাজার কমিটির নির্বাচন কালীন প্রধান নির্বাচন কমিশনার গোলাম, ইউসুফ মাষ্টার,কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান খলিলুর রহমান ভুট্ট, আশরাফুল হক, আব্দুল সালাম বিশ্বাস, মখলেছুর রহমান রিপন, ডা.মিনজুল হক।
শপথ অনুষ্ঠানে উপস্থিত থেকে শপথ গ্রহন করেন বাজার দোকান মালিক সমিতির নবনির্বাচিত কমিটির সভাপতি ইমদাদুল হক ইমন, সহ-সভাপতি

আলমগীর রাসেল, রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক সাজেদুল বিশ্বাস মিঠু, সহ-সম্পাদক আশরাফুল হক, সাংগঠনিক সম্পাদক খোরশেদ আলম, প্রচার সম্পাদক আব্দুস সামাদ, দপ্তর সম্পাদক হেলাল উদ্দীন, কোষাধক্ষ্য আরিফুল ইসলাম, সদস্য শফিকুল, আব্দুল সামাদ, আবু সাঈদ, মিজানুর, ফারুক, শাহীন, হেলাল উদ্দীন, আবু-সুলতান প্রমুখ। নব নির্বাচিত কমিটির দায়িত্বভার বুঝে পেয়ে সভাপতি ও সাধারন সম্পাদক জানান দোকান মালিকদের উন্নয়নে যা যা করনীয় নব নির্বাচিত কমিটির তা বাস্তবায়নে সর্বোচ্চ চেষ্টা অব্যাহত রাখবে।

কার্পাসডাঙ্গা প্রতিনিধি

নাটুদাহ খেলোয়ারদের উপর যুবলীগের হামলা আহত- ২৫

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার নাটুদাহ ইউনিয়নের ছাতিয়ানতলা সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠে মরহুম মাসুম খাঁন স্মরনে ছাতিয়ানতলা যুব সংঘ আয়োজিত ছাতিয়ান তলা ফুটবল টূর্নামেন্ট ২০১৯ এর গতকাল রোববার ছাতিয়ান তলা ও সদাবরী একাদশ মধ্যকার খেলায় বিরতির পর খেলোয়ার দের ভীতরে সামান্য ভুল বোঝাবোঝি কে কেন্দ্র করে ছাতিয়ান তলা গ্রামের সাখাওয়াৎ, মাসুদ রানার এর নেতৃত্বে ছাতিয়ান তলা একাদশের খেলোয়ার সহ ছাতিয়ানতলা গ্রামের প্রায় অর্ধশত লোকজন সদাবরী একাদশের খেলোয়ার ও সমর্থকদের উপর ঝাঁপিয়ে পড়ে। লাঠি ও কাঠের বাটাম দিয়ে বেধড়ক মারপিট করতে করতে তাদের ছাতিয়ানতলা গ্রাম ছাড়া করে দেয়।
এতে করে সদাবরী গ্রামের উজ্জল, টোটন, মাসুদ, মতিয়ার, আরিফ, রবিউল, সালেকিন, মনি, কালু, বগা, বকুল, কালাম সহ প্রায় ২৫ জনের মত আহত হয়। নাম না প্রকাশ করার শর্তে অনেকে বলেন এ খেলার মাঠে এ টূর্নামেন্টের শুরু থেকে বেশ কয়েকবার মারামারির ঘটনা ঘটেছে।
এ ধরনের গ্রাম কেন্দ্রিক মারামারিতে যে কেউ মারাও যেতে পারে। তাই বড় ধরনের ঘটনা ঘটার পূর্বেই এ মাঠে টূর্নামেন্টটি বন্ধ সহ জড়িতদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যাবস্থা নেওয়া প্রয়োজন। বিষয়টির প্রতি যথাযথ সুব্যাবস্থা নিতে ও টূর্নামেন্টটি বন্ধ সহ

জড়িতদের বিরুদ্ধে যথাযথ ব্যাবস্থা নিতে চুয়াডাঙ্গা জেলার সুযোগ্য পুলিশ সুপার জাহিদুল ইসলামের আশু হস্তক্ষেপ কামনা করেছে এলাকাবাসী সহ সচেতন মহল।

দামুড়হুদা প্রতিনিধি

আলমডাঙ্গায় ২ জন হোটেল ব্যাবসায়িকে ৬ হাজার টাকা জরিমানা

আলমডাঙ্গায় ভ্রাম্যমান আদালতে ২ জন হোটেল ব্যাবসায়িকে ৬ হাজার টাকা জরিমানা করেছে।
গতকাল বেলা সাড়ে ১১টার দিকে আলমডাঙ্গা হাইরোর্ডের বাবু হোটেল এন্ড মিষ্টান্ন ভান্ডারে নোংরা পরিবেশ ও ভোক্তা অধিকার আইনে বিশেষ করে দোকানে মালামালের মুল্য তালিকা না থাকায়, উপজেলা নির্বাহী ম্যাজিষ্ট্রেট সহকারি কমিশনার ভুমি সীমা শারমিন ভ্রামান আদালত বসিয়ে ৩ হাজার টাকা জরিমানা করে।

এর পর আলমডাঙ্গা মজিদ হোটেলে প্রবেশ করে একই আইনে মজিদ হোটেলের মালিক আব্দুল মজিদ কে ৩ হাজার টাকা জরিমানা করেছে।

এ সময় উপস্থিত ছিলেন থানার এস আই জুয়েল ও সঙ্গিয় ফোর্স, পৌর সভার সেনেটারি পরিদর্শক মাহফুজুর রহমান। এ ছাড়াও আলমডাঙ্গা সত্যনারায়ন মন্দিরের পাশে হারান হোটেলে নোংরা পরিবেশ থাকায় মালিক হারান অধিকারিকে ও কুটুম বাড়ী মিষ্টান্ন ভান্ডারের মালিক আনোয়ার হোসেন কে একই অপরাধে প্রথমবার সাবধান করে নোটিশ প্রদান করেন, ভবিষ্যৎতে মুল্য তালিকা সহ হোটেলের পরিবেশ ঠিক না করলে জরিমানা করা হবে বলে নোটিশ প্রদান করা হয়েছে।

আলমডাঙ্গা প্রতিনিধি

আলমডাঙ্গায় ওয়াবদার জমি দখল করে হাত বদলের রমরমা ব্যবসা

ওয়াবদাহ’র জমি দখল করে লাখ লাখ টাকার বিনিময়ে হাতবদলের ব্যবসা করার অভিযোগ উঠেছে আলমডাঙ্গার হাউসপুরের হাফিজুলসহ ৩ জনের বিরুদ্ধে।
জানা গেছে, আলমডাঙ্গার কুমার নদ অর্থাৎ গঙ্গা সেচ প্রকল্পের মেইন ক্যানেলের ওয়াবদাহ’র জমি অবৈধভাবে দখল করে স্থাপনা গড়ে তোলা হয়েছে। ঘরবাড়ি থেকে ব্যবসা প্রতিষ্ঠান। আলমডাঙ্গার লালব্রীজ থেকে আনন্দধাম-হাউসপুর অবধি এ মারাত্মক দখল পুরো নদকে গ্রাস করে ফেলেছে।
পূর্বে এ নদ বা ক্যানেলের আউট সাইড দখল করা হলেও কয়েক বছর আগে থেকে ইনসাইড দখল করে ঘরবাড়ি ও ব্যবসাপ্রতিষ্ঠান নির্মাণ শুরু করা হয়। এখন লালব্রীজ থেকে আনন্দধাম অবধি ইনসাইড এমনভাবে দখল করা হয়েছে যে, নদপাড় দিয়ে হাঁটতে গেলে নদের সৌন্দর্য্য দেখার সৌভাগ্য হয়না।
অবৈধ দখলদারদের ঘরবাড়ি ও ব্যবসাপ্রতিষ্ঠান সাধের এ নদটিকে লোকচক্ষুর আড়াল করেছে। শুধু কুমার নদ বা মেইন ক্যানেল না, বক্সীপুর অভিমুখে গতিশীল টার্সিয়ারি সেচ প্রকল্পের খালের পাড়ও দখল হয়ে গেছে।
নতুন করে আলমডাঙ্গার হাউসপুর গ্রামের মুক্তার আলীর ছেলে হাফিজুল, শুকুর আলীর ছেলে ফিরোজ ও নিজাম আলীর ছেলে মোমিন ওয়াবদার জমি দখল করে হাত বদলের ব্যবসায় বেশ আলোচিত। এখন ওই এলাকায় তারা ভূমিদস্যু হিসেবে পরিচিত।
বর্তমানে তাদের বিরুদ্ধে ওয়াবদার জমি দখল করে হাত বদলের ব্যবসা করার অভিযোগ উঠেছে। তারা ওয়াপদার গঙ্গা সেচ প্রকল্পের জমি অবৈধভাবে দখল করে পরে মোটা অংকের টাকায় তা হাত বদল করে থাকে বলে অভিযোগ উঠেছে। অভিযোগ উঠেছে আনন্দধাম ব্রীজ থেকে বক্সীপুর রোডের দিকে কিছুদূর গিয়ে মেইন ক্যানেলের ইনসাইড দখল করে বক্সীপুর গ্রামের মৃত রব্বানী মন্ডলের ছেলে আব্দুর রহিম ব্যবসাপ্রতিষ্ঠান নির্মাণ করে ব্যবসা করছেন।
তিনি জানান, প্রায় ২ বছর পূর্বে তিনি একটি টিনসেডসহ ওই স্থানের

দখল কিনেছেন হাউসপুরের হাফিজুলের নিকট থেকে। ঘরের জন্য ৫০ হাজার ও জমির জন্য ৫০ হাজার টাকা নিয়ে হাফিজুল তার দখলদারিত্ব হস্তান্তর করেছে। আরও অভিযোগ উঠেছে যে, হাফিজুল একই স্থানের মেইন সেচপ্রকল্পের ক্যানেলের ইনসাইডের জমি দখল করে আরেকটি ব্যবসাপ্রতিষ্ঠান নির্মাণ করেছেন। সেটির দেখভাল করছেন হাউসপুর গ্রামের নিজাম উদ্দীনের ছেলে মোমিন। মোমিন এখন ওই ব্যবসাপ্রতিষ্ঠানে সেলুনের ব্যবসা করছেন। ভাল ক্রেতা পেলে সেটি হস্তান্তর করা হবে বলে এলাকার অনেকে জানান।
এলাকাবাসি জানান, ওই স্থানের আরও একটি জায়গার উপর নজর পড়েছে একটি চক্রের। একটি বটগাছের নীচে চারকোণায় খুঁটি গেড়ে উপরে টিন দিয়ে তার নীচে গরু বেঁধে রাখত জাহান আলী। গত পরশুদিন গিয়ে ওই গরুরঘর ভেঙ্গে দিয়েছেন হাফিজুল, ফিরোজ ও মোমিন। এ নিয়ে ওই রাতে সালিশ বৈঠকও বসে। এ ঘটনা স্বীকার করেছেন জাহান আলী। তবে তিনি ওই ভূমিদস্যু চক্রের বিরুদ্ধে বেশি কিছু অভিযোগ করতে সাহস পাননি। নাম প্রকাশ্যে অনিচ্ছুক এলাকার অনেকেই ওই ভূমিদস্যু চক্রের দৌরাত্ব দিন দিন বেড়েই চলেছে বলে অভিযোগ করেছেন। মোবাইলফোনে কথা হয় অভিযুক্ত হাফিজুলের বিরুদ্ধে। তিনি অভিযোগ অস্বীকার করে বলেছেন, আব্দুর রহিমের নিকট তিনি শুধু ঘর বিক্রির টাকা নিয়েছেন। জমি বাবদ কিছু নেননি। মোমিনের দখলে থাকা ঘর সম্পর্কে বলেন, তিনি নাকি অনেক লসে আছেন। সেখানে অবস্থিত বেশ কয়েকটি গাছ কেটে নেওয়ার অভিযোগ তোলেন অন্যের বিরুদ্ধে। এছাড়া জাহান আলীর গরু রাখার ঘর ভেঙ্গে দেওয়ার ঘটনাকে ভুল বোঝাবুঝি বলে মন্তব্য করেন।

আলমডাঙ্গা প্রতিনিধি

আলমডাঙ্গায় ৫ দফা দাবিতে ফারিয়ার মানববন্ধন

আলমডাঙ্গায় বাংলাদেশ ফার্মাসিটিক্যালস রিপ্রেজেনটেটিভ এ্যাসোসিয়েশন (ফারিয়া) আলমডাঙ্গা শাখার উদ্যোগে ৫ দফা দাবি আদায়ের লক্ষে মানববন্ধন ও সমাবেশ অনুষ্টিত হয়েছে।

গতকাল সকাল ১০টার দিকে আলমডাঙ্গা প্রধান সড়ক সংলগ্ন আলতায়েবার মোড়ে মানব বন্ধন ও সমাবেশ অনুষ্টানে সভাপতিত্ব করেন, ফারিয়া আলমডাঙ্গা শাখার সভাপতি রফিকুল ইসলাম।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান ফারিয়া আলমডাঙ্গা শাখার প্রধান উপদেষ্টা আইয়ুব হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রেসক্লাবের সভাপতি ফারিয়ার উপদেষ্টা খন্দকার শাহ্ আলম মন্টু, সুজিৎ কুমার শীল, ইউনুচ আলী, হুমায়ন কবির, খবির উদ্দিন মালিক, কামরুল ইসলাম।

সভায় বক্তাগণ বলেন আমাদের ৫ দফা দাবি মানতে হবে। বিশেষ করে সরকারি নতুন বেতন স্কেল অনুযায়ি ৭ম গ্রেডে বেতন নির্ধারন, বর্তমান মুল্যস্ফিতির সাথে সামঞ্জস্য রেখে টিএ, ডিএ ও অন্যান্ন ভাতাদী প্রদান, চাকুরির নিরাপত্তা ও নিশ্চয়তা বিধান সহ একটি সুনিদৃষ্ট নীতি মালা প্রনয়ন, বাংলাদেশ ফার্মাসিটিক্যালস রিপ্রেজেনটেটিভ এ্যাসোয়োসিয়েসন ফারিয়া কে সরকার কতৃক স্বীকৃতি প্রদান, সাপ্তাহিক ছুটি সহ সকল জাতীয় ছুটি ভোগের বিধান প্রনয়ন করা।

অধিকার আদায়ে আমরা সবাই এক সাথে এই শ্লোগান কে প্রতিপাদ্য করে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, সহ সভাপতি হাফিজুর রহমান, সাধারন সম্পাদক জিল্লুর রহমান, মোর্সেদ আলম, মাহফুজুর রহমান, ইয়ানুর রহমান, আব্দস সালাম, আসাদুজ্জামান, জাহাঙ্গীর আলম, কামরুজ্জামান, মাহবুবুর রহমান, মিলন হোসেন, নাজমুল হক, নজরুল ইসলাম, আশরাফুল ইসলাম, শ্রী অরুপ কুমার, তালাশ মাহমুদ প্রমুখ। প্রধান অতিথি ফারিয়ার ৫ দফা দাবি আদায়ে ফারিয়ার পাশে থাকার অঙ্গিকার ব্যাক্ত করেন।

আলমডাঙ্গা প্রতিনিধি

আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের

সভাপতি ও সাধারণ সম্পাদক কে ফুলেল শুভেচ্ছা

আলমডাঙ্গার খাদিমপুর ইউনিয়ন আওয়ামী লীগের নব নির্বাচিত নেতৃবৃন্দ আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সভাপতি হাসান কাদির গনু ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাষ্টারকে ফুলেল শুভেচ্ছা জানিয়েছেন।

গতকাল শনিবার বিকেলে আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের কার্যালয়ে উপস্থিত হয়ে নেতৃবৃন্দকে ফুলেল শুভেচ্ছা জানান। এ সময় উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও সম্পাদক তাদের অভিনন্দন জানিয়ে বলেন, নব নির্বাচিত নেতৃবৃন্দ ইউনিয়ন আওয়ামী লীগকে একটি গতিশীল সংগঠন হিসেবে গড়ে তুলতে কাজ করবে।

এ সময় ইউনিয়ন আওয়ামী লীগের নেতৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন খাদিমপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি হাফিজুর রহমান বাবলু, সাধারণ সম্পাদক মুজাহিদুর রহমান জোয়ার্দ্দার লোটাস, ওয়ার্ড আওয়ামী লীগ নেতৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন আব্দুল জলিল, জহির উদ্দিন, আব্দুস সাত্তার, মন্টু জোয়ার্দ্দার, মুকুল হোসেন, জামাল উদ্দিন, সবুজ জোয়ার্দ্দার, সাইফুদ্দীন জোয়ার্দ্দার, আশিকুজ্জামান, মোজাম্মেল হক, আরিফ হোসেন, ইসলাম উদ্দিন,মিরাজুল হক, শিপন মেম্বার, জলিল মেম্বার, খবির উদ্দিন, শাকিল হোসেন, সাবেক জেলা ছাত্রলীগের উপদপ্তর সম্পাদক সাদিব ইসলাম, মহির উদ্দিন, মজিবর রহমান, রোভন, বকুল প্রমুখ।

এছাড়াও ইউনিয়ন নেতৃবৃন্দ সহ উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন ও থানার অফিসার ইনচার্জ সৈয়দ আশিকুর রহমানকে ফুলের শুভেচ্ছা জানানো হয়।
আলমডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গায় বিরল প্রজাতির মাছ

চুয়াডাঙ্গায় বিরল প্রজাতির একটি মাছ পাওয়া গেছে। সদর উপজেলার ছোটশলুয়া গ্রামের একটি পুকুর থেকে মাছটি পাওয়া যায়। শনিবার জেলেদের জালে বিরল প্রজাতির মাছটি ধরা পড়ে।
ছোটশলুয়া গ্রামের জেলে মকবুল হোসেন জানান, মাছ ধরার জন্য তারা পুকুরে জাল ফেলার পর অন্য মাছের সাথে বিরল প্রজাতির একটি মাছ জালে দেখতে পাওয়া যায়। মাছটি এর আগে কখনো দেখেননি তারা। মাছটির গায়ের রং কালো, ডোরাকাটা। পরে মাছটিকে নিয়ে গ্রামের একটি দোকানে পানির ভিতরে রাখলে স্থানীয় অনেকে মাছটি দেখতে ভিড় করে। এ ব্যাপারে চুয়াডাঙ্গা জেলা মৎস্য কর্মকর্তা ড. মোঃ মাহবুবুর রহমান তালুকদার জানান, তিনি এখনো ঘটনা শোনেননি। মাছটি দেখলে তিনি ওই মাছের ব্যাপারে জানাতে পারতেন।

-চুয়াডাঙ্গা প্রতিনিধি

হরিণাকুন্ডুতে খেলার মাঠে স্কুল ভবন নির্মাণের প্রতিবাদে মানববন্ধন

ঝিনাইদহের হরিণাকুন্ডুতে খেলার মাঠে ভবন নির্মাণের প্রতিবাদে মানববন্ধন করেছে এলাকাবাসী ।
শুক্রবার ছুটিরদিনে উপজেলার ৪নং দৌলতপুর ইউনিয়নের সোনাতনপুর সরকারী প্রাথমিক বিদ্যালেয়ের পুরাতন ভবনটি পরিত্যাক্ত হওয়ায় নতুন ভবন নির্মাণের জন্য কতৃপক্ষ প্রতিষ্ঠানের সামনে খেলার মাঠের মাঝে নতুন ভবন নির্মাণের প্রতিবাদে এ মানববন্ধন করেন।
মানববন্ধনে ৪নং দৌলতপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান জনাব আবুবক্কর সিদ্দিক,সাংবাদিক সোহরব হোসেন, শান্ত, শফিউর রহমান, মতিয়ার, মোতালেব সহ বিদ্যালয়ের শিক্ষার্থী, অভিভাবকবৃন্দ উপস্থিত ছিলেন।
এসময় প্রতিষ্ঠানে শিক্ষার্থী ও এলাকাবাসী বিদ্যালয়ের খেলারমাঠে

নতুন ভবন নির্মাণের প্রতিবাদে জোরালো শ্লোগান তোলেন। তারা বলেন, পুরাতন ভবনের জায়গায় নতুন ভবন নির্মান করলে যেমন বিদ্যালয়ের সৌন্দর্য বাড়বে তেমনি খেলারমাঠও থাকবে। এলাকাবাসীর দাবি সোনাতনপুর খেলার মাঠ চাই।

হরিণাকুন্ডু প্রতিনিধি:

আলমডাঙ্গার চিৎলা ইউনিয়ন আওয়ামী লীগের ত্রিবার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

আলমডাঙ্গার চিৎলা ইউনিয়ন আওয়ামী লীগের ত্রিবার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।
গতকাল শুক্রবার বিকাল ৪টার সময় রুইতনপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে এ সম্মেলন আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা চুয়াডাঙ্গা ১ আসনের সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার সেলুন। এ সময় সম্মেলনের প্রধান অতিথি বলেন দির্ঘ ১৮ বছর আগে এই ইউনিয়নে আওয়ামী লীগের কমিটি গঠিত হলেও পরবর্তিতে আর কমিটি গঠন হয়নি, ওই সময় থেকে যারা আওয়ামী লীগের নেতৃতিতে দিয়ে আসছিল তারা যুবলীগের নামধারি কিছু নেতার পকেটে থেকে রাজনীতি করতো, যুবলীগের ঐই সকল ষড়যন্ত্র কারিদের চিহ্নিত করে, ইউনিয়নে আওয়ামী লীগের নেতৃত্ব বজায় রাখতে বলে সকল ধরনের ষড়যন্ত্র পতিহত করে দেশের উন্নয়নের ধারা অব্যহত রাখতে দলকে আরো শক্তিশালী করতে হবে।
তৃণমুল পর্যায় থেকে দলকে সুসংগঠিত করে জননেত্রি শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতেই সম্মেলন করা হচ্ছে। বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেশকে এগিয়ে নিয়েছে। তিনি ক্ষমতায় এসে দেশকে ডিজিটাল বাংলাদেশ হিসাবে রুপান্তর করেছে, পৃথিবীর উন্নয়নশীল দেশগুলো এখন বাংলাদেশকে উন্নয়নের রোল মডেল হিসাবে দেখছে। দেশকে ক্ষুধা ও দারিদ্র মুক্ত দেশ হিসাবে গড়ে তুলেছে। বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে মাননিয় প্রধানমন্ত্রি রাতদিন

পরিশ্রম করে যাচ্ছে। পদ্মসেতু, মেট্রো রেল ফ্লাইওভারের মত বড় প্রকল্প হাতে নিয়েছে। স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয় সহ রাস্তাঘাট নির্মান করে চলেছে।
তাই আওয়ামী লীগের প্রতি আস্তা ও বিশ্বাস রেখে দলকে সুসংগঠিত করে দেশের উন্নয়ন অব্যহত রাখতে হবে। সরকারের উন্নয়নের ধারাবাহিতকায় এক শ্রেণীর নামধারি আওয়ামী লীগনেতা ও কিছু আওয়ামী লীগের সহযোগি সংগঠন দলকে দ্বিখন্ডিত করতে উঠে পড়ে লেগেছে, দেশের বা জেলার উন্নয়নের ধারা অব্যহত রাখতে এ সব ঘাপটি মেরে থাকা নামধারি নেতাদের চিহ্নিত করে দাঁতভাঙ্গা জবাব দিতে হবে।
এসময় তিনি বিএনপিনেতা খালেদা জিয়া ও তারেক রহমানকে উদ্দেশ্য করে বলেন, একুশে আগষ্ঠ গ্রেনেড হামলা চালিয়ে মাননিয় প্রধানমন্ত্রি শেখ হাসিনা সহ কেন্দ্রিয় নেতাদের হত্যা করতে চেয়েছে ছিল, আল্লাহ অশেষ মেহেবানিতে তিনি অলৈকিক ভাবে বেঁচে গেলেও আমাদের কেন্দ্রিয় অনেক প্রাণপ্রিয়নেতা মারাযান। বিএনপির আমলে মানুষ রাত্রে ঘুমাতে পারতোনা, খুন, গুম, চাঁদাবাজি, টেন্টারবাজি সহ সরকারি টাকা লুট করে দেশকে এক অরাজগতা সৃষ্টি করেছিল। ঘরেঘরে বিদ্যুৎ ছিলনা, যা ছিল তাও বিদ্যুৎ যাওয়ার সময় ছিল কখন আসবে কেউ জানতোনা, কৃষককে লাইনে দাঁড়িয়ে সার, তেল নিতে হত। এখন ঘরেঘরে বিদ্যুৎ পৌছে গেছে, কাউকে বিদ্যুৎতের জন্য অপেক্ষা করতে হয়না, কৃষককে লাইনে দাঁড়াতে হয়ন সার তেলের জন্য।
ছেলুন জোয়ার্দ্দার এমপি আরো বলেন বঙ্গবন্ধ দেশটাকে সোনার বাংলায় রুপান্তিত করতে চেয়েছিল। আল্লাহ সেই সপ্ন এই বাংলার মাটিতে বাস্তবায়ন করবেন বলে হয়তো তারই সুযোগ্য কন্য প্রধানমন্ত্রি শেখ হাসিনা ক্ষমতায় এসে আজ বাংলাদেশকে সার্বিক উন্নয়ন করে সোনার বাংলায় রুপান্তরিত হতে চলেছে।
সম্মেলনে ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি হাজি লিহাজ উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানের উদ্ভোধনি বক্তব্য রাখেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি পৌর মেয়র হাসান কাদির গনু। বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সহ সভাপতি খুস্তার জামিল, যুগ্ন সাধারন সম্পাদক সাবেক পৌর মেয়র রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন, যুগ্ন সাধারন সম্পাদক সামসুজ্জোহা, সাংঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান, লিটু বিশ্বাস, জেলা আওয়ামী লীগের সদস্য দেলোয়ার হোসেন, এ্যাড বেলাল হোসেন, জেলা শ্রমিকলীগের সভাপতি আফজালুল হক বিশ্বাস, সাবেক জেলা যুবলীগের আহবায়ক আরেফিন আলম রন্জু, আব্দুল কাদের।
বক্তব্য রাখেন উপজেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক ইয়াকুব আলী মাষ্ঠার, মহাসিন আলী, আওয়ামী লীগনেতা বীরমুক্তিযোদ্ধা

নুরুজ্জামান নান্টু, তোহিদুল ইসলাম ফকা, দেলোয়ার হোসেন দিপু, মহিবুল হক মন্টু, সাবেক জেলা ছাত্রলীগের সহ সভাপতি রুবাইত বিন সুস্তির, কলেজ ছাত্রলীগের সাধারন সম্পাদক তামিম হাসান তারেক । অনুষ্ঠানটি পরিচালনা করেন আওয়ামী লীগনেতা ইউনুস আলী মাষ্ঠার। সম্মেলনের আলোচনা শেষে অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে উপজেলা আওয়ামী লীগের সভাপতি হাসান কাদির গনুর সভাপতিত্বে আলমডাঙ্গার চিৎলা ইউনিয়ন আওয়ামী লীগের শাহ্ আব্দুল বাতেনকে সভাপতি, মোজাম্মেল হককে সাধারন সম্পাদক ও খাইরুল ইসলামকে যুগ্ন সাধারন সম্পাদক করে কমিটি গঠন করা হয়।

আলমডাঙ্গা প্রতিনিধি